

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা।

www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.৯৯.০৪৪.১৫.২০১৬


তারিখঃ ২০/১২/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ দেশের বিভিন্ন আদালত/ট্রাইব্যুনালে এবং ম্যাজিস্ট্রেসীতে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ ও নিয়মিতকরণ সংক্রান্ত।


- সূত্রঃ (ক) মন্ত্রিপরিষদ বিভাগের ২৫-০৫-২০০৪ খ্রিঃ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-১০৬ নং পত্র।
(খ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ, বাজেট শাখা-১ এর ২৪-০৪-১৯৯৪ খ্রিঃ তারিখের অম/অবি/ বাউ-১/১ই-১৬৫(৫)৯৪/১৫৩ নং পত্র।
(গ) সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) এর ২০/০২/৯০ খ্রিঃ তারিখের সম/বিধি-৩/কন্টি-৭/৮৯-১৭(৫০) নং পত্র।
(ঘ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা এর ২২/০৯/২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৭২.০০২.০৭.০০.০১৩.২০১০-১১৭ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও উপরিলিখিত সূত্রসমূহের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশের বেশ কয়েকটি আদালত/ট্রাইব্যুনালে এবং ম্যাজিস্ট্রেসীতে দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ ও বেতন স্কেল প্রদান করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ বিগত ২৫-০৫-২০০৪ খ্রিঃ তারিখে মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১(অংশ-১/১)/২০০১-১০৬ নং স্মারকে কাজ নাই মজুরী নাই সাকুলার এর কার্যকারিতা স্থগিত করেছে। বাজেট অনুবিভাগ, বাজেট শাখা-১ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বিগত ২৪-০৪-৯৪ খ্রিঃ তারিখে অম/অবি/বাউ-১/১ই-১৬৫(৫)৯৪/১৫৩ নং স্মারকে কন্টিনজেন্সী ও ওয়ার্কচার্জড উভয় ধরনের জনবলকে নিয়মিত না করার বিষয়ে বলা হয়েছে। সংস্থাপন মন্ত্রণালয় (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়) বিগত ২০/০২/৯০ খ্রিঃ তারিখে সম/বিধি-৩/কন্টি-৭/৮৯-১৭(৫০) নং পত্রে কন্টিনজেন্ট/ওয়ার্কচার্জড পদে কোন লোককে নিয়োগ ও নিয়মিতকরণ নিষিদ্ধ করেছে। তবে কেবল মাত্র ২০/০১/১৯৮৬ খ্রিঃ তারিখের পূর্বে নিয়োজিত কর্মচারীদের চাকুরীতে নিয়মিত করা যাবে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি-২ অধিশাখা গত ২২/০৯/২০১১ খ্রিঃ তারিখের ০৭.১৭২.০০২.০৭.০০.০১৩.২০১০-১১৭ নং পত্রে অস্থায়ী পদে অস্থায়ীভাবে দৈনিক ভাতাভিত্তিক নিয়োজিত কোন কর্মচারীকে স্থায়ী পদের বেতন স্কেলে বেতন প্রদানের কোন অবকাশ নাই মর্মে জানিয়েছে। ফলে কোন ধরনের দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ/নিয়মিতকরণ/বেতন স্কেল প্রদান বিধি সম্মত নয়।

২। উপর্যুক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে যে কোন ধরনের দৈনিক মজুরী ভিত্তিক কর্মচারী নিয়োগ/নিয়মিতকরণ/বেতন স্কেল প্রদান থেকে সংশ্লিষ্ট সকলকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ খাদেম উল কয়েস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪২০ (অফিস)।

কার্যার্থেঃ

- ১। জেলা জজ, 
- ২। মহানগর দায়রা জজ,
- ৩। বিভাগীয় বিশেষ জজ,
- ৪। বিশেষ জজ,
- ৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,
- ৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,
- ৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,
- ৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত,
- ৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল (বাংলাদেশ), মহানগর দায়রা জজ আদালত ভবন, ষষ্ঠ তলা, ঢাকা-১০০০।
- ১০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,
- ১২। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
- ১৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গনি রোড, ঢাকা।
- ১৫। বিচারক (যুগ্ম জেলা জজ), পরিবেশ আদালত,
- ১৬। বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল,
- ১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১৮। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৯। গার্ড ফাইল।